সংবাদ

তারিখ 27 AUG 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

# নতুন প্রজন্ম মেধার দিক দিয়ে দরিদ্র নয় : শিক্ষামন্ত্রী

প্রতিনিধি, সিলেট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্ম মেধার দিক দিয়ে দরিদ্র নয়। তিনি বলেন, ২০২১ সালের আগে বাংলাদেশ বিশ্বের কাছে রোল মডেল হবে। সেই লক্ষ্যে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। গতকাল সিলেট মুরারিচাঁদ (এমসি) কলেজ ও সিলেট সরকারি কলেজে ১০তলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে মন্ত্রী একথা বলেন। এমসি কলেজে বেলা দুইটার দিকে মন্ত্রী ১০তলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

ভিত্তিপ্রস্তর স্থাপনের আগে মন্ত্রী এমসি কলেজের কেন্দ্রীয় শহীদ মিনারে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। ভিত্তিপ্রস্তর স্থাপনের পর এমসি কলেজে মন্ত্রী সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এ সময় তিনি বলেন, 'এমসি কলেজে মোট ৪৮ কোটি টাকার কাজ হবে। এমসি কলেজের কর্মসূচির পর সিলেট সরকারি কলেজে যান শিক্ষামন্ত্রী। প্রথমেই সিলেট সরকারি কলেজের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে তিনি বলেন, কলেজের মসজিদের উত্তর পার্শ্বে আনুমানিক এক বিঘা জমির ওপর একাডেমিক ভবন নির্মাণ হবে। শিক্ষামন্ত্রী দুপুর পৌনে তিনটায় একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন। ভিত্তিপ্রস্তর স্থাপনের পর কলেজ অডিটোরিয়ামে আলোচনা সভায় অংশ নেন মন্ত্রী।

মন্ত্রী বলেন, 'কলেজের ছাত্র ও ছাত্রী হোস্টেল, অডিটোরিয়াম, প্রশাসনিক ভবন ও একাডেমিক ভবনের সংস্কারের জন্য ৩ কোটি ৫৬ লাখ টাকা কাজের জন্য বরাদ্দ করা হয়েছে।' মন্ত্রী বক্তৃতায় বিভিন্ন উন্নয়নের চিত্র তুলে ধরেন।

কলেজের অধ্যক্ষ কাজী আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা ও প্রকৌশলী অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মো. হানজালা, আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক (ময়মনসিংহ) সম্পাদক অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজ, সিলেট মহানগর আওয়ামী লীগের সভাপতি বদরউদ্দিন আহমেদ কামরান, সিলেট সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর আজাদুর রহমান আজাদ, অ্যাডভোকেট রনজিত সরকার প্রমুখ।

কার্যালয়
নং.....
তারিখ.....

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

জ্ঞাতার্থে

স্বাক্ষর